

বাণিক বার্তা, ২০১৯-০১-৩১, পৃঃ ০২



রাজধানীর আফতাবনগরে গতকাল ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ১৮-তম সমাবর্তনে কৃতী শিক্ষার্থীদের পদক পরিণয়ে দেন মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক ছবি : নিজস্ব আলোকচিত্রী

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের সমাবর্তনে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী নৈতিকতা ও দেশপ্রেম হোক ভবিষ্যৎ পথচলার নিয়ামক



নিজস্ব প্রতিবেদক ■

নবীন গ্যাজুয়েটদের উদ্দেশে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক এমপি বলেছেন, নীতি-নৈতিকতা, দায়িত্বশীলতা, কর্মনিপুণ্য, পেশাদারিত্ব ও দেশপ্রেম হোক ভবিষ্যৎ বাংলাদেশের পথচলার নিয়ামক। গতকাল সকালে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ১৮-তম সমাবর্তনে রাষ্ট্রপতির প্রতিনিধি হিসেবে অংশ নিয়ে তিনি এ কথা বলেন। রাজধানীর আফতাবনগরে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে এ সমাবর্তন অনুষ্ঠিত হয়। এবারের সমাবর্তনে আন্ডার গ্যাজুয়েট ও গ্যাজুয়েট প্রোগ্রামের ২ হাজার ৭৩ জন শিক্ষার্থীকে সনদ দেয়া হয়। এছাড়া অনন্য মেধাবী আটজন শিক্ষার্থীকে দেয়া হয় স্বর্ণপদক।

সমাবর্তন বক্তা হিসেবে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের পদার্থবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. ইয়াসমিন হক বলেন, বাংলাদেশ এখন সম্ভাবনার দেশে পরিণত হচ্ছে। বিশ্ববিদ্যালয়গুলো এখন শুধু জ্ঞান বিতরণ করছে

না, তারা নতুন জ্ঞান তৈরিও করছে। এক্ষেত্রে তিনি ক্যাম্পার শনাক্তে তাদের বিশ্ববিদ্যালয়ের সাম্প্রতিক গবেষণা সাফল্যের কথা তুলে ধরেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আব্দুল মান্নান। আরো বক্তব্য রাখেন ইস্ট ওয়েস্ট ট্রাস্টি বোর্ডের সভাপতি ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. মোহাম্মদ ফরাসউদ্দিন এবং বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এমএম শহিদুল হাসান। বক্তারা বলেন, নতুন প্রজন্মের তরুণদের গতিশীলতা ও উদ্ভাবনী ক্ষমতার মাধ্যমেই বাংলাদেশ আগামীতে তার কাঙ্ক্ষিত অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক লক্ষ্যে পৌছতে পারবে। সমাবর্তন অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের সদস্য, উপ-উপাচার্য, কোষাধ্যক্ষ, বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন বিভাগের চেয়ারপারসন, শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী, গ্যাজুয়েট ও তাদের অভিভাবকরা অংশ নেন। শিক্ষা জীবনের শেষে যথাসময়ে সনদ হাতে পাওয়ায় উচ্ছ্বাস প্রকাশ করেন শিক্ষার্থীরা।